## উপজেলা আইসিটি কমিটির নভেম্বর/২০১৯ মাসের সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | : শতরূপা তালুকদার<br>উপজেলা নির্বাহী অফিসার, কাউখালী, রাঙ্গামাটি |
| তারিখ ও সময় | : ২৮/১১/২০১৯ খ্রিস্টাব্দ, বৃহস্পতিবার, বেলা ১২:৩০ ঘটিকা |
| বিবেচ্য মাস | : নভেম্বর/২০১৯ |
| স্থান | : উপজেলা পরিষদ মিলনায়তন কক্ষ, কাউখালী, রাঙ্গামাটি। |

উপস্থিতিঃ পরিশিষ্ট - 'ক' দ্রষ্টব্য

সভাপতি সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, কাউখালী, রাঙ্গামাটি কর্তৃক উপজেলা আইসিটি কমিটির গত অক্টোবর/১৯ মাসের সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং কোন সংশোধনী প্রস্তাব না থাকায় তা দৃঢ় করা হয়। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয় :

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| **<u>উপজেলা এবং ইউনিয়ন পোর্টাল হালনাগাদকরণ</u>**<br>উপজেলার সকল সরকারি দপ্তরের ওয়েব পোর্টাল শতভাগ হালনাগাদের কাজ খুবই ধীরগতিতে চলছে। বিভিন্ন সরকারি দপ্তরের কর্মকর্তাগণ এ বিষয়ে আন্তরিকভাবে সচেষ্ট হলে তা দ্রুতই শতভাগ বাস্তবায়ন করা সম্ভব। ইতঃপূর্বে কয়েকবার ওয়েবপোর্টাল প্রশিক্ষণ বিভিন্ন দপ্তরের কর্মকর্তা-কর্মচারীদের দেওয়া হয় এবং অতি শীঘ্রই রিফ্রেশার্স ট্রেনিং প্রদান করা হবে।<br>উপজেলা নির্বাহী অফিসার মহোদয় সরাসরি এই বিষয়টি তদারকি করবেন। সহকারী প্রোগ্রামারের পর্যবেক্ষণে এবং সহায়তায় উপজেলার সকল সরকারি দপ্তরের ওয়েব পোর্টাল শতভাগ হালনাগাদ করতে হবে।<br>এছাড়া, সকল ইউনিয়নের পোর্টালসমূহও নিয়মিতভাবে হালনাগাদ করতে হবে। | ১. ওয়েব পোর্টাল হালনাগাদ করার জন্য সকল দপ্তর প্রধানদের আন্তরিক ও সচেষ্ট হওয়ার জন্য অনুরোধ জানানো হয়। সহকারী প্রোগ্রামারের পর্যবেক্ষণে এবং সহায়তায় উপজেলার সকল সরকারি দপ্তরের ওয়েব পোর্টাল শতভাগ হালনাগাদ করতে হবে।<br>২. ইউনিয়নসমূহের ওয়েব পোর্টালে ইউনিয়নের সামগ্রিক তথ্য হালনাগাদের জন্য উদ্যোক্তাগণকে অনুরোধ জানানো হয়। | ১. উপজেলা নির্বাহী অফিসার, কাউখালী, রাঙ্গামাটি।<br>২. উপজেলা পর্যায়ের সকল দপ্তর /অফিস প্রধান, কাউখালী।<br>৩. সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা কার্যালয়, কাউখালী।<br>৪. ডিজিটাল সেন্টারের উদ্যোক্তা (সকল), কাউখালী। |
| **<u>ডিজিটাল কন্টেন্ট তৈরি ও মাল্টিমিডিয়া ক্লাসরুম সংক্রান্ত</u>**<br>১. প্রত্যেকটি উচ্চ মাধ্যমিক, মাধ্যমিক ও প্রাথমিক বিদ্যালয়ে প্রতিদিন কমপক্ষে তিনটি মাল্টিমিডিয়া ক্লাস মাল্টিমিডিয়া ক্লাসরুমে সম্পাদন করতে হবে। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, উপজেলা একাডেমিক সুপারভাইজার এবং উপজেলা শিক্ষা অফিসার যৌথভাবে বিষয়টি নিশ্চিত করবেন।<br>২. উপজেলার সকল বিদ্যালয়সমূহে স্থাপিত | ১. প্রত্যেকটি উচ্চ মাধ্যমিক, মাধ্যমিক ও প্রাথমিক বিদ্যালয়ে প্রতিদিন কমপক্ষে তিনটি মাল্টিমিডিয়া ক্লাস মাল্টিমিডিয়া ক্লাসরুমে নেয়ার বিষয়ে প্রয়োজনীয় সকল প্রকার পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>২. উপজেলার বিদ্যালয়সমূহের মাল্টিমিডিয়া ক্লাসরুমের মান উন্নয়নের বিষয়টি সংশ্লিষ্ট কর্মকর্তাগণ কর্তৃক | ১. উপজেলা নির্বাহী অফিসার, কাউখালী, রাঙ্গামাটি।<br>২. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার কাউখালী।<br>৩. সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা কার্যালয়, কাউখালী।<br>৪. উপজেলা শিক্ষা অফিসার কাউখালী। |

| | | |
|---|---|---|
| মাল্টিমিডিয়া ক্লাসরুমের উন্নয়নের বিষয়টি সংশ্লিষ্ট কর্মকর্তাগণ নিয়মিত পরিদর্শন করবেন। পরিদর্শনকালে সংশ্লিষ্ট কর্মকর্তাগণ মাল্টিমিডিয়া ক্লাসরুম এবং কম্পিউটার ল্যাব পর্যবেক্ষণ করবেন।<br><br>৩. যে সকল বিদ্যালয়ে মাল্টিমিডিয়া শ্রেণীকক্ষের সিস্টেমে ত্রুটি আছে সে সকল বিদ্যালয়সমূহ এই বিষয়ে সহাকারী প্রোগ্রামারের পরামর্শ ও স্ব স্ব ইউনিয়ন ডিজিটাল সেন্টারের উদ্যোক্তাগণের সহায়তা নিতে পারবেন। | নিয়মিতভাবে তদারকি করতে হয়।<br><br>৩. মাল্টিমিডিয়া শ্রেণীকক্ষের সিস্টেমে ত্রুটি চিন্হিত করণ করতে সংশ্লিষ্ট কর্মকর্তাগণ কর্তৃক তদারকি করতে হয়। | ৫. উপজেলা একাডেমিক সুপারভাইজার কাউখালী। |
| **<u>কম্পিউটার ও ভাষা প্রশিক্ষণ ল্যাবের সুষ্ঠু ব্যবহার ও রক্ষণাবেক্ষণ</u>**<br><br>এ বিষয়ে সহকারী প্রোগ্রামার জানান যে, কাউখালী উপজেলায়ঃ-<br><br>I. ২০১৫-১৬ অর্থবছরে ০১টি মাধ্যমিক বিদ্যালয়ে ও ০১টি দাখিল মাদ্রাসায়-<br>II. ২০১৬-১৭ অর্থবছরে ০১টি প্রাথমিক বিদ্যালয়ে-<br>III. ২০১৭-১৮ অর্থবছরে ০১টি দাখিল মাদ্রাসায়-<br><br>শেখ রাসেল ডিজিটাল ল্যাব ও ক্লাসরুম স্থাপন করা হয়েছে।<br><br>সহকারী প্রোগ্রামার নিয়মিতভাবে ল্যাবসমূহ পরিদর্শন করছেন। ল্যাবসমূহ নিয়মিতভাবে ব্যবহার এবং ল্যাবের যন্ত্রপাতিসমূহ সঠিকভাবে রক্ষণাবেক্ষণ ও সচল রাখাসহ ছাত্র-ছাত্রীদের নিয়মিতভাবে প্রশিক্ষণ প্রদান কার্যক্রমের বিষয়ে তদারক করার জন্য সভায় গুরুত্ব আরোপ করা হয়। | (১) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত কম্পিউটার ল্যাবসমূহ নিয়মিতভাবে ব্যবহার এবং ল্যাবের যন্ত্রপাতিসমূহ সঠিকভাবে রক্ষণাবেক্ষণ ও সচল রাখাসহ ছাত্র-ছাত্রীদের নিয়মিতভাবে প্রশিক্ষণ প্রদান কার্যক্রমের বিষয়ে তদারকি ও সহযোগিতা করতে সহকারী প্রোগ্রামারকে অনুরোধ করা হয়। | ১. সহকারী প্রোগ্রামার,<br>তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা কার্যালয়,কাউখালী।<br>২. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কাউখালী। |
| **<u>মাল্টিমিডিয়া ক্লাসরুম এর তথ্য আপলোডকরণ বিষয়ক</u>**<br><br>শিক্ষাপ্রতিষ্ঠান কর্তৃক Multi Media Classroom (MMC) মনিটরিং টুল http://mmcm.gov.bd ব্যবহার করে শ্রেণী পাঠদানের তথ্য প্রতিদিন নিয়মিত আপলোড করা এবং শ্রেণীকার্যক্রম সক্রিয় রাখা ও তদারক অব্যাহত রাখার জন্য শিক্ষাপ্রতিষ্ঠানের প্রধানদের অনুরোধ করা হয়। | শিক্ষাপ্রতিষ্ঠান কর্তৃক Multimedia Classroom Monitoring Tool http://mmcm.gov.bd ব্যবহার করে শ্রেণী পাঠদানের তথ্য প্রতিদিন আপলোড করতে হবে ও শ্রেণীকার্যক্রম সক্রিয় রাখতে হবে। | ১. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কাউখালী।<br>২. উপজেলা একাডেমিক সুপারভাইজার, কাউখালী। |

| | | |
|---|---|---|
| **ইউনিয়ন ডিজিটাল সেন্টার/পৌর ডিজিটাল সেন্টারের কার্যক্রমের অগ্রগতি বিষয়ক**<br><br>উদ্যোক্তাগণ কর্তৃক http://uddokta.eksheba.gov.bd/ মনিটরিং টুল ব্যবহার করে আয়ের ও সেবা গ্রহণকারীদের তথ্য প্রতিদিন নিয়মিত আপলোড করা এবং ইউডিসিসমূহ সক্রিয় রাখার ও আয় বৃদ্ধির নিমিত্ত ইউডিসিসমূহের কার্যক্রম তদারক অব্যাহত রাখার জন্য ডিজিটাল সেন্টারের উদ্যোক্তাদের অনুরোধ করা হয়। | http://uddokta.eksheba.gov.bd মনিটরিং টুল ব্যবহার করে আয়ের ও সেবা গ্রহণকারীদের তথ্য প্রতিদিন আপলোড করতে হবে ও ইউডিসিসমূহ সক্রিয় রাখতে হবে। উদ্যোক্তাগণকে নির্ধারিত সভা সমূহে উপস্থিত রাখার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১. উপজেলা নির্বাহী অফিসার, কাউখালী।<br>২. সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা কার্যালয়, কাউখালী।<br>৩. ডিজিটাল সেন্টারের উদ্যোক্তা (সকল), কাউখালী। |
| **ইউনিয়ন ডিজিটাল সেন্টার/পৌর ডিজিটাল সেন্টারের সেবার মান উন্নয়নমূলক**<br><br>ডিজিটাল সেন্টার থেকে এজেন্ট ব্যাংকিং এর মাধ্যমে সামাজিক নিরাপত্তা বেষ্টনীর ভাতাসহ অন্যান্য প্রকল্পের ভাতা/আর্থিক সুবিধা প্রাদানের বিষয়ে আলোচনা হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা এবং উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার সাথে তাদের সংশ্লিষ্ট ভাতা/আর্থিক সুবিধাদি ডিজিটাল সেন্টারের এজেন্ট ব্যাংকিং এর মাধ্যমে প্রদান করতে প্রয়োজনীয় কি কি পদক্ষেপ গ্রহণ করা যেতে পারে, সেই সংশ্লিষ্ট মিটিং আয়োজন করতে হবে। | ১. সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা কার্যালয়, কাউখালী।<br>২. ডিজিটাল সেন্টারের উদ্যোক্তা (সকল), কাউখালী। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৮/১১/১৯

শতরূপা তালুকদার
উপজেলা নির্বাহী অফিসার
কাউখালী রাঙ্গামাটি।
ও
সভাপতি
উপজেলা আইসিটি কমিটি

স্মারক নং: ৫৬.০৪.৮৪২৫.০০০.০৬.০০৫.১৯ -০৩

তারিখঃ ১৩ অগ্রহায়ণ ১৪২৬ বঙ্গাব্দ
২৮ নভেম্বর ২০১৯ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে প্রেরণ করা হলোঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১. মাননীয় সংসদ সদস্য, রাঙ্গামাটি।
২. সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
৩. মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
৪. জেলা প্রশাসক, রাঙ্গামাটি।
৫. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাউখালী, রাঙ্গামাটি।
৬. প্রোগ্রামার, রাঙ্গামাটি।
৭. ------------------------------------------------------------।
৮. অফিস কপি।

২৮/১১/১৯

(এস, এম, মিনহাজ-ই-মাওলা)
সহকারী প্রোগ্রামার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
উপজেলা কার্যালয়, কাউখালী, রাঙ্গামাটি।
ও
সদস্য সচিব
উপজেলা আইসিটি কমিটি